# ট্রাইভেট

## (কো-ট্রাইমোক্সাজোল)

## বোলাস ও সাসপেনশন

## (কেবলমাত্র পশু চিকিৎসার জন্য উপযোগী)

### বর্ণনা ঃ

ট্রাইভেট বোলাস ও সাসপেনশন পশু চিকিৎসায় প্রযোজ্য দ্বৈত ক্রিয়াশীল, ব্যাকটেরিয়ানাশক কেমোথেরাপিউটিক এজেন্ট।

### উপাদান ঃ

**সাসপেনশন ঃ** প্রতি ৫ মিলি এ আছে ঃ সালফামেথোক্সাজোল বিপি ৫০০ মিগ্রা এবং ট্রাইমেথোপ্রিম বিপি ১০০ মিগ্রা।

**বোলাস ঃ** প্রতি বোলাসে আছে ঃ সালফামেথোক্সাজোল বিপি ১০০০ মিগ্রা এবং ট্রাইমেথোপ্রিম বিপি ২০০ মিগ্রা।

### নির্দেশনা ঃ

বিবিধ ব্যাকটেরিয়া সংক্রমণজনিত বিভিন্ন  পশু রোগে একটি কার্যকারী ব্যাকটেরিয়ানাশী কেমোথেরাপিউটিক এজেন্ট যাহা শ্বাস, মূত্রজনন ও পরিপাকনালীর বিভিন্ন উপসর্গ যেমন- ডায়রিয়া, গ্যাস্ট্রোএন্টেরাইটিস, কলিসেপটিসেমিয়া, পলিআথ্রাইটিস, ডিপথেরিয়া, ব্রংকোনিউমোনিয়া, সিসটাইটিস, প্যারাটাইফয়েড, কলেরা, নেফ্রাইটিস এর চিকিৎসা ও প্রতিরোধে ব্যবহার্য।

### মাত্রা ও প্রয়োগ ঃ

**সাসপেনশন ঃ** দলবদ্ধ পোলট্রি চিকিৎসার জন্য ঃ দৈনিক ১ মিলিলিটার ঔষধ ৫ লিটার খাবার পানির সাথে মিশিয়ে পর পর ৪-৬ দিন খাওয়াতে হবে। (সর্বনিম্ন মাত্রা প্রতি কিলোগ্রাম দৈহিক ওজনের জন্য প্রতিদিন ১৫ মিগ্রা)।

**রোগ প্রতিরোধের জন্য ঃ** ১ মিলি ঔষধ ১০ লিটার খাবার পানির সাথে মিশিয়ে পর পর ২-৩ দিন খাওয়াতে হয়।

**গাভী, ষাড় ও মহিষ ঃ** ১২০০ মিগ্রা কো-ট্রাইমোক্সাজোল প্রতি ৪০ কেজি দৈহিক ওজনে প্রতিদিন।

**ছাগল, ভেড়া, বাছুর ও অন্যান্য ছোট প্রাণী ঃ** ৩০ মিগ্রা (কো-ট্রাইমোক্সাজোল হিসাবে) প্রতি কেজি দৈহিক ওজনে প্রতিদিন ৫ থেকে ৭ দিন। অথবা রেজিষ্টার্ড পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী।

ঔষুধটি খাদ্যের সাথে মিশিয়ে অথবা সরাসরি মুখে খাওয়ানো যেতে পারে।

**বোলাস ঃ গাভী, ষাড়, মহিষ ঃ** ১টি বোলাস (১২০০ মিগ্রা কো-ট্রাইমোক্সাজোল) প্রতি ৪০ কেজি দৈহিক ওজনে প্রতিদিন।

**ছাগল, ভেড়া, বাছুর ও অন্যান্য ছোট প্রাণী ঃ** ৩০ মিগ্রা (কো-ট্রাইমোক্সাজোল হিসাবে) প্রতি কেজি দৈহিক ওজনে প্রতিদিন ৫ থেকে ৭ দিন। অথবা রেজিষ্টার্ড পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী।

উক্ত ঔষধটি প্রাণী খাদ্যের সাথে মিশিয়ে কলাপাতায় মুড়ে বা খাবার পানিতে দ্রবীভূত করে খাওয়ানো যেতে পারে অথবা রেজিষ্টার্ড পশু চিকিৎসকের নির্দেশ অনুযায়ী।

### পার্শ্বপ্রতিক্রিয়া ঃ

পশুতে ট্রাইভেট অতিসহনীয় এবং পার্শ্বপ্রতিক্রিয়া খুব কমই পরিলক্ষিত হয়। পশুতে দীর্ঘসময়ের চিকিৎসা ফোলেট ডেফিসিয়েন্সি দেখা দিতে পারে। কোন কোন পশুতে ক্ষণকালীন/অস্থায়ী আথ্রাইটিস দেখা যায়। দীর্ঘ সময়ের চিকিৎসায় হেমাটোলজিক্যাল পরিবর্তন দেখা দিতে পারে।

### সাবধানতা ঃ

ট্রাইভেট চিকিৎসায় ঔষধের প্রতি সংবেদনশীলতা পরিলক্ষিত হলে চিকিৎসা চলাকালীন সময়ে যথেষ্ট পরিমান তরলজাতীয় পদার্থ গ্রহণ নিশ্চিত করতে হবে। পশুর বৃক্ক নষ্ট এবং রেনাল ফেইলিউর এর প্রতি সর্তক দৃষ্টি রাখতে হবে যেন ক্রিস্টালোরিয়া দেখা না দেয়।

### সরবরাহ ঃ

**সাসপেনশন ঃ** ৬০ মিলি PET বোতল।

**বোলাস ঃ** প্রতি বাক্সে  ব্লিষ্টার প্যাকে ৫ x ৪ টি বোলাস।

*প্রস্তুতকারক:*

Globe

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
(প্রাণি স্বাস্থ্য বিভাগ)
নোয়াখালী, বাংলাদেশ